

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পোস্টমাস্টার (১ম গ্রেডিং), প্রধান ডাকঘর, যশোর এর কার্যালয়  
যশোর-৭৪০০।  
post.jessore.gov.bd

স্মারক নম্বরঃ ১৪.৩১.৪১০০.৪৭০.১১.০০১.২৪ (০১)

তারিখঃ

১৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ

৩ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

উদ্যোক্তা নিয়োগ/নিযুক্তি বিজ্ঞপ্তি


যশোর প্রধান ডাকঘরের স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োগনের লক্ষ্যে যশোর জেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	জেলার নাম	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা	মন্তব্য
১	উদ্যোক্তা (লেটার রাইটার), স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস	যশোর	২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা; (গ) নিজ খরচে স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট' এর জন্য প্রয়োজনীয় উপকরণ, যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য; (ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে; (ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে। (চ) রাষ্ট্রবিরোধী বা ফৌজদারী অপরাধের অভিযোগমুক্ত হতে হবে; (ছ) পূর্বে জনবান্ধব সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। (জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।	

চলমান পাতা - ০২

শর্তাবলী:

- ০১। আগামী ০৮-০৩-২০২৪ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে (আবেদন লিংক- <http://bdpost.eksheba.gov.bd/>)।
- ০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা ( পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় ন্যূনতম ৫ বছর বসবাসরত) হতে হবে।
- ০৩। প্রার্থীর বয়স ০১-০৩-২০২৪ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ হতে হবে। ব্যাসের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- ০৪। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।
- ক) অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
- খ) পৌরসভা / ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/বিশৃঙ্খল আচরণের ক্ষেত্রে দায়-দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গন্যমান্য ব্যক্তি/নিকট আত্মীয় নিকট হতে প্রত্যয়নপত্র।
- গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- ০৫। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ০৭। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োজনের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- ০৮। কোন কারন দর্শনো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৯। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস এর উদ্যোক্তার পদটি সরকারি/আউটসোর্সিং/অন্য কোনো চাকুরির পদ নয়। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।
- ১০। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োজনকারী কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।
- ১১। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।
- ১২। আবেদনের সময়: ৪-৮ মার্চ ২০২৪ খ্রি.।
- ১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীকে জানানো হবে।



(পবিত্র কুমার বিশ্বাস)  
পোস্ট অফিস পরিদর্শক (শহর)  
প্রধান ডাকঘর, যশোর-৭৪০০

ও

সদস্য সচিব, উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি কমিটি  
যশোর প্রধান ডাকঘর।

সদয় জ্ঞাতার্থে এবং বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, যশোর সদর যশোর।
- ৩। সকল উপজেলা চেয়ারম্যান, যশোর।
- ৪। মেয়র, যশোর পৌরসভা, যশোর।
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, যশোর প্রেসক্লাব, যশোর।
- ৬। তথ্য অফিসার, যশোর।
- ৭। সকল ইউপি চেয়ারম্যান, যশোর জেলা, যশোর।
- ৮। অফিস কপি



পোস্ট অফিস পরিদর্শক (শহর)  
প্রধান ডাকঘর, যশোর-৭৪০০

ও

সদস্য সচিব, উদ্যোক্তা নিয়োজন/ নিযুক্তি কমিটি  
যশোর প্রধান ডাকঘর।